যুগান্তর

JUL 23 2002

তারিখ ...
পৃষ্ঠা ১৮ কলাম ৬

# ড. হাফিজ সিদ্দিকী কানাডা ভার্সিটির উপদেষ্টা মনোনীত



নর্থ সাউথ ইউনিভার্সিটির প্রো-ভাইস চ্যান্সেলর ড. হাফিজ জিএ সিদ্দিকী, কানাডার প্রথম বেসরকারি বিশ্ববিদ্যালয় সি টু স্কাই ইউনিভার্সিটির আন্তর্জাতিক উপদেষ্টা পরিষদের সদস্য মনোনীত হয়েছেন। তিনি এ বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক প্রতিনিধিত্ব বিষয়ক সভায় অংশগ্রহণ করার লক্ষ্যে সম্প্রতি কানাডার ব্রিটিশ কলম্বিয়ার উদ্দেশে ঢাকা ত্যাগ করেছেন। সভায় বেসরকারি বিশ্ববিদ্যালয়টির শিক্ষা কার্যক্রম, পরিকল্পনা, কারিকুলাম, বাজেট এবং ক্যাম্পাস নির্মাণের লক্ষ্যে স্থাপত্য নকশা পরিকল্পনা প্রভৃতি বিষয় নিয়ে আলোচনা করা হবে। ড. সিদ্দিকী কানাডার এই নতুন বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সঙ্গে নর্থ সাউথ ইউনিভার্সিটির সহযোগিতার বিষয়েও আলোচনা করবেন। সংবাদ বিজ্ঞপ্তি।

# ডাক্তারদের দলাদলির কারণে এমসিপিএস মৌখিক পরীক্ষা স্থগিত

মনিরুজ্জামান উজ্জ্বল

দলাদ[redacted] কারণে ডাক্তারদের উচ্চশিক্ষা আজ হুমকির সম্মুখীন [redacted]ব্যবস্থাপনার মধ্য দিয়ে শনিবার ডিপ্লোমা ইন ফরেনসিক মেডিসিন (ডিএফএম) পরীক্ষা অনুষ্ঠিত হলেও আজ মঙ্গলবার নির্ধারিত

স্থগিত : পৃষ্ঠা : ১৫ কলাম : ৫

থেকে ঢাকা মেডিকেল [illegible] মেডিসিনের বিভাগীয় প্রধান ও এমসিপিএস পরীক্ষার আহ্বায়ক সহযোগী অধ্যাপক ডা. নাসিমুল ইসলামের বরাবর পরীক্ষা গ্রহণের যাবতীয় প্রস্তুতি গ্রহণের জন্য চিঠিও পাঠানো হয়। মাত্র ৩ ঘন্টার ব্যবধানে পুনরায় চিঠি আসে অনির্দিষ্ট কারণে পরীক্ষা স্থগিত ঘোষণা করা হল। পরবর্তী তারিখ পরে জানানো হবে। এমসিপিএস পরীক্ষার ঢাকা মেডিকেল কলেজের দুজন, স্যার সলিমুল্লাহর একজন, মাগুরা সদর হাসপাতালের একজন, হলি ফ্যামিলি হাসপাতালের একজন ও ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালের একজনসহ ছয়জন পরীক্ষার্থী ছিলেন। গতকাল বেলা ১টা পর্যন্ত তারা জানতেন আজ তাদের পরীক্ষা নেয়া হবে। এর আগেও গত ১৩ ও ১৫ জুলাই এ মৌখিক পরীক্ষা হওয়ার কথা ছিল। বারবার পরীক্ষা পেছানোর কারণে উচ্চশিক্ষা গ্রহণেচ্ছু ডাক্তাররা হতাশ। নাম প্রকাশে অনিচ্ছুক একাধিক উচ্চ শিক্ষার্থী ক্ষুব্ধ প্রতিক্রিয়া ব্যক্ত করে বলেন, এ অবস্থা চলতে থাকলে আগামীতে কোন ডাক্তার উচ্চশিক্ষায় আগ্রহী হবেন না।

অনুসন্ধানে জানা গেছে, দেশের প্রায় সব মেডিকেল কলেজের ডাক্তাররা দলাদলিতে জড়িয়ে পড়েছেন। বিশেষ দলীয় সমর্থক ডাক্তাররা এখন বিরোধীদলীয় ডাক্তারদের চিহ্নিত করে তাদের অপসারণ করতে চাইছেন। দুই গ্রুপই শক্তিশালী হওয়ায় শিক্ষার্থীদের শিক্ষা জীবন চরম অনিশ্চয়তার কবলে পড়েছে।